দৈনিক সংবাদ

JAN. 1 3 2001

জগন্নাথ কলেজ

# ভর্তি নিয়ে ছাত্রদলের ২ গ্রুপে সংঘর্ষ

## ১ জন ছুরিকাহত

নিজস্ব বার্তা পরিবেশক ঃ জগন্নাথ কলেজে অনার্স প্রথমবর্ষে ভর্তির ক্ষেত্রে অচলাবস্থা অব্যাহত রয়েছে। গতকাল বুধবার এ নিয়ে এক সংঘর্ষে একজন ছাত্র ছুরিকাহত হয়।

জানা যায়, বুধবার দুপুর দেড়টায় অবৈধভাবে ছাত্র ভর্তি করা নিয়ে ছাত্রদলের দুগ্রুপের মধ্যে সংঘর্ষ বাধে। এসময় দীপু (২৫) নামের এক ছাত্র পেটে ছুরিকাহত হয়। তাকে মিটফোর্ড হাসপাতালে পাঠানো হয়। ছাত্রদল ভর্তি কার্যক্রম শুরু করার জন্য একটি মিছিল বের করে। তারা শিক্ষকদের বিরুদ্ধে শ্লোগান দেয়।

একই দাবিতে ছাত্রলীগও একটি মিছিল বের করে। তারা অচলাবস্থার জন্য ছাত্রদলকে দায়ী করে এবং এর প্রতিবাদ জানিয়ে শ্লোগান দেয়।